

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বিটিএমসি ভবন (১০ম তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং-বস্ত্র/পরিঃ/ব্লু ক্রিয়েশনস লিঃ/৬০৮/২০১৬/ ৩০৫


তারিখ: ২০/০৭/২০১৮ খি:।

বিষয়ঃ বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ৩য় এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রসংগে।

ব্লু ক্রিয়েশনস লি:, অফিস: ফ্ল্যাট নং-এ/২, বাড়ি নং-২৫, সড়ক-৪৭, গুলশান, ঢাকা ও কারখানা: হোল্ডিং নং-৩৮৭/১, জিতার মোড়, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর, শিল্প উপখাতঃ “গার্মেন্টস ওয়াশিং প্লান্ট ও তৈরী পোশাক” এর অধীনে ১০০% স্থানীয় শিল্প হিসাবে অত্র অধিদপ্তরে প্রস্তাবিত নিবন্ধন প্রাপ্ত হয়। যার নিবন্ধন পত্র নং-বস্ত্র/পরিঃ/ব্লু ক্রিয়েশনস লিঃ/৬০৮/২০১৬/১৮৫, তারিখঃ ০৪/০৪/২০১৬ খ্রিঃ (নিবন্ধন সংখ্যাঃ পরিঃ/ওয়াশিং-০০০০১৭৩-১৬)। বস্ত্র পরিদপ্তরের সুপারিশের ভিত্তিতে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে এডহক শিল্প আই আর সি নং-ব-১৬৮০৫৭, তারিখঃ ২১/১১/২০১৬ জারী করা হয়। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির জন্য ৩য় এডহক আই আর সি’র সুপারিশ চেয়ে আবেদন জানালে কারখানাটি এ অধিদপ্তরের একজন পরিদর্শক সরেজমিনে পরিদর্শন করে একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল করেন। কারখানা কর্তৃপক্ষের আবেদন এবং পরিদর্শন প্রতিবেদনের আলোকে বিষয়টি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর কাঁচামাল আমদানির লক্ষ্যে ষান্মাসিক আমদানি স্বত্ব ৭,০০,০০,০০০/- (সাত কোটি) টাকার পরিবর্তে ১,২৫,০০,০০০/- (এক কোটি পঁচিশ লক্ষ) টাকা নির্ধারণ করতঃ কারখানাটির অনুকূলে ৩য় এডহক আই আর সি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

কাঁচামালের বিবরণ	এইচ এস কোড নম্বর	ষান্মাসিক আমদানি স্বত্ব (টাকায়)
তালিকা সংযুক্ত	তালিকা সংযুক্ত	টাকা- ১,২৫,০০,০০০/- (এক কোটি পঁচিশ লক্ষ)

অতএব, বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারী নিয়মাবলী প্রতিপালন সাপেক্ষে মেসার্স ব্লু ক্রিয়েশনস লি: এর অনুকূলে ৩য় এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে আই আর সি জারীর সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতিতে আমদানি করতে হবে। তবে এ জন্য আইন ও বিধি অনুসারে কোন দায় বা দায়িত্ব থেকে তাকে অব্যাহতি দেবে না। উল্লেখ্য যে, জারীকৃত পত্রটি বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট [www.dot.gov.bd](http://www.dot.gov.bd) এ পাওয়া যাবে।

  
(মোহাম্মদ আলিম রেজা)  
উপ-পরিচালক (কারিগরি)  
মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তরের পক্ষে।  
e-mail: [ddplanning@dot.gov.bd](mailto:ddplanning@dot.gov.bd)  
ফোন: ০২-৯১১৩৭৭০।  
শান্মাসিক


প্রধান নিয়ন্ত্রক  
আমদানি ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর,  
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা  
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

নং-বস্ত্র/পরিঃ/ব্লু ক্রিয়েশনস লিঃ/৬০৮/২০১৬/ ৩০৫ (০২)

তারিখঃ ২০/০৭/২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানী নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৫ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। মেসার্স ব্লু ক্রিয়েশনস লি:, অফিস: ফ্ল্যাট নং-এ/২, বাড়ি নং-২৫, সড়ক-৪৭, গুলশান, ঢাকা ও কারখানা: হোল্ডিং নং-৩৮৭/১, জিতার মোড়, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর।

  
(এম. আবু সাদাত সায়েম)  
সহকারী-পরিচালক (কারিগরি)  
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।